

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪৮.১৮- ৫২

তারিখঃ ১২ মাঘ ১৪২৬  
২৬ জানুয়ারি ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৯৩৭৬/২০১৮ মামলার ১৫.০৪.১৯ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের বিষয়ে গৃহীত কার্যক্রমের তথ্য TMED কে অবহিতকরণ।

সূত্রঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.১৩.১৯.পলি:ইন্স:২১.১৬৩০

তারিখঃ ০৬.১০.২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: রহমত উল্লাহ কবির, ইন্সট্রাক্টর (মেকানিক্যাল), সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট গং (২২ জন) কর্তৃক নিয়োগবিধি (Bangladesh Civil Service Recruitment Rules-1981 (Schedule-H) issued vide এস.আর.ও নং-৩-আইন/৯২/সম(বিধি-৪)২৮/৮৮, Dated 05.01.92) মোতাবেক চিফ ইন্সট্রাক্টর (টেক এবং নন-টেক) পদে গত ২৪.০১.১৮ খ্রি. তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি ক্রমিক নং-১১, ১২, ১৩, ১৪, ১৫ এবং ইউনিট নং-৯ দ্বারা সংক্ষুব্ধ হয়ে মহামান্য আদালতে রিট পিটিশন নং-৯৩৭৬/১৮ দায়ের করা হয়।

০২। উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ১৫.০৪.১৯ খ্রি. তারিখের শুনানিতে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়: --After hearing and on perusal of the records, the Hon'ble High Court Division comprising with their Lordship Mr. Justice Tariq-ul-Hakim and Mr. Justice Md. Shohrwardi were pleased to pass an order dated 15.04.19 directing the respondents to keep 90% post of the Chief Instructor (Tech and Non-Tech) for the petitioners.

০৩। মহামান্য হাইকোর্টের ১৫.০৪.১৯ তারিখের (রিট পিটিশন নং- ৯৩৭৬/১৮) রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে আপীল না করে মহোদয় কর্তৃক রায় বাস্তবায়নের জন্য প্রস্তাব প্রেরণ বোধগম্য নয় এবং এরূপ প্রস্তাব প্রেরণ সঠিক হয়নি মর্মে প্রতীয়মান হয়।

০৪। অধিকতর রিট পিটিশন নং-৯৩৭৬/১৮ এর বিরুদ্ধে আপীল না করার যৌক্তিক কারণ যেমন উল্লেখ করা হয়নি তেমনভাবে মহামান্য হাইকোর্ট বিভাগের রায় বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে কিনা এ বিষয়টিও স্পষ্ট করা হয়নি। বিধায় রিট পিটিশন নং-৯৩৭৬/১৮ এর রায় বাস্তবায়নের পূর্বে জরুরিভিত্তিতে আপীল দায়ের নিশ্চিত হওয়া প্রয়োজন।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৯৩৭৬/২০১৮ মামলায় গত ১৫.০৪.২০১৯ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আপীল দায়ের নিশ্চিতক্রমে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল (CPLA) নম্বর উল্লেখপূর্বক আপীল দায়ের সংক্রান্ত (প্রমাণকসহ) তথ্যাদি আগামী ১০.০২.২০২০ তারিখের মধ্যে TMED তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো। সেসাথে আপীল দায়ের ব্যতীত রিট পিটিশন নং-৯৩৭৬/১৮ এর রায় বাস্তবায়নের নিমিত্ত প্রস্তাব প্রেরণের কারণ ব্যাখ্যা করার জন্যও অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিজ্ঞা)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর

এফ-৪/বি. আগারগাঁও, প্রশাসনিক এলাকা

শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫। অফিস কপি/মাস্টার কপি।